তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৩

যুগান্তর

# পাঠ্যপুস্তকে ভুল

শেখ আবদুল খালেক ইব্নে তালেব আলী

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষায় যদি ভুল হয়, তাহলে জাতি কখনও সোজা হয়ে দাঁড়াতে পারবে না। কোমলমতি কিশোর বয়সে শিক্ষার্থীরা যদি ভুল শিক্ষা পায়, তাহলে তারা ভুল ইতিহাসেই বেড়ে উঠবে। আমাদের ২০১৬ শিক্ষাবর্ষের ৮ম শ্রেণীর বাংলা ব্যাকরণ ও নির্মিতি' পাঠ্যপুস্তকের ১১৪ নম্বর পাতায় বাংলা নববর্ষ রচনাটিতে লেখা হয়েছে সম্রাট আকবর ৯৬৩ হিজরিতে বঙ্গাব্দের প্রচলন করেন। ৯৬৩-র স্থলে এটি ৯৬৯ হিজরি হওয়া উচিত ছিল।

আমরা যদি বঙ্গাব্দের সূচনা বিশ্লেষণ করি, তাহলে প্রথমে হিজরি সন কত দিনে হয় তা জেনে নিতে হবে। যেমন ২০১৬ খ্রিস্টাব্দ ৬২২-১৩৯৪ × ৩৬৫-২৪২৮ দিন গুণ করলে যা হয়, তাকে হিজরি সন দিয়ে ভাগ করতে হবে। যেহেতু বাংলা সন দু'ভাবে হিসাব করে একত্রে যোগ করতে হবে, তাই—

ক. ৯৬৯ × ৩৫৪. ৩১৩৪৭৪৭৪ = ৩৪৩৩২৯.৭৫৭
খ. ৪৫৪ × ৩৬৫.২৪২৮ = ১৬৫৮২০. ২৩১২

(+) = ৫১৯১৪৯. ৯৮৮২ বঙ্গাব্দ

সর্বমোট দিন = ১৩৯৪ × ৩৬৫.২৪২৮
= ৫০৯১৪৮. ৪৬১২ খৃস্টাব্দ = ১. ৫২৭

অর্থাৎ ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিটে ৪৭ সেকেন্ড এক সৌর বৎসর হয়। আর ৩৫৪ দশমিক ০৩১৩৪৭৪৭৪ দিনে হিজরি সন হয়। মূলত এ গরমিল অধিবৎসরের জটিলতার জন্য তা থেকে যাবে।

১৫ এপ্রিল ১৫৬২ খ্রিস্টাব্দে সম্রাট আকবর আন্তঃবিদ্রোহ দমন করে নিজ হস্তে শাসনভার গ্রহণ করা উপলক্ষে ৯৬৯ হিজরি হতে বঙ্গাব্দ উপহার দেন।

তাই ৯৬৯ + ৪৫৪ = ১৪২৩ বাংলা সন অর্থাৎ ১৪২৩ বঙ্গাব্দ।

কালবিলম্ব না করে পাঠ্যপুস্তকের এ ভুল জরুরি ভিত্তিতে সংশোধন করা উচিত।

*ঢাকা ডাইংরোড, পাগার, টঙ্গী, গাজীপুর*